130

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

তারিখ ...2 3 JUL 1995 ...
পৃষ্ঠা ...১২... কলাম ...২...

# নয়া পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবী ॥ রংপুর, কুমিল্লা ও বরিশালে ভাংচুর ॥ সড়ক অবরোধ

এসএসসি পরীক্ষার নূতন পদ্ধতি বাতিলের দাবীতে গতকাল শনিবার রংপুর, কুমিল্লা ও বরিশালে ছাত্ররা বিক্ষোভ মিছিল, সড়ক অবরোধ ও গাড়ী ভাংচুর করে। এসময় রংপুরে ৮০ জন ছাত্র আহত হয়। কুমিল্লায় ১৫ জন ছাত্রকে গ্রেফতার করা হইয়াছে।

রংপুর সংবাদদাতা জানান, রংপুর জেলা সদর, মিঠাপুকুর, শঠিবাড়ী, তারাগঞ্জ এবং কাউনি-

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা পদ্ধতি

(শেষ পৃঃ পর)

য়ায় ছাত্ররা নূতন এসএসসি পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবীতে বিক্ষোভ মিছিল বাহির করে।

গতকাল রংপুরে শহরের বিভিন্ন স্কুলের ৯ম ও ১০ম শ্রেণীর সহস্রাধিক ছাত্রের মিছিলে পুলিশ বাঁধা দিলে ছাত্ররা পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করে। মিছিলকারীদের ছত্রভঙ্গ করার জন্য পুলিশ লাঠিচার্জ করে। ইহাতে ৫০ জন ছাত্র আহত হয়। ৬ জন ছাত্রকে পুলিশ আটক করিয়া পরে ছাড়িয়া দেয়। পুলিশের লাঠিচার্জের কথা ছড়াইয়া পড়িলে মিঠাপুকুর ও শঠিবাড়ী এলাকার কয়েক হাজার ছাত্র বিক্ষোভ মিছিল বাহির করিয়া সড়ক অবরোধ করে। তাহারা সড়কের উভয় পার্শ্বে দাঁড়াইয়া থাকা শতাধিক বাস-ট্রাক ভাংচুর করে। পুলিশ ছাত্রদের ছত্রভঙ্গ করার জন্য লাঠিচার্জ করিলে এখানেও ৩০ জন ছাত্র আহত হয়।

তারাগঞ্জ ও কাউনিয়া এলাকায়ও ছাত্ররা নূতন পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবীতে বিক্ষোভ মিছিল বাহির এবং সড়ক অবরোধ করে। নূতন পদ্ধতি বাতিল না হওয়া পর্যন্ত এই আন্দোলন চলিবে বলিয়া ছাত্ররা জানায়।

কুমিল্লা সংবাদদাতা জানান, এসএসসি পরীক্ষার নূতন পদ্ধতি বাতিলের দাবীতে গতকাল শনিবার চৌদ্দগ্রাম থানার বিভিন্ন হাই-স্কুলের ছাত্ররা চৌদ্দগ্রাম থানার পদুয়া নামক স্থানে বেলা ১১টা হইতে ১২টা পর্যন্ত ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে। পুলিশ অবরোধকারীদের বাধা দিলে ছাত্ররা পুলিশের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করে। ইহাতে তিনজন পুলিশ আহত হয়। পুলিশ তিন রাউণ্ড রাবার বুলেট নিক্ষেপ করে। ঘটনাস্থল হইতে ১৫ জন ছাত্রকে গ্রেফতার করা হয়। এব্যাপারে চৌদ্দগ্রাম থানায় মামলা হইয়াছে।

বরিশাল অফিস জানায়, এস,এস,সি, পরীক্ষা পদ্ধতি বহাল রাখার দাবীতে বাবুগঞ্জের রহমতপুরে বরিশাল-ঢাকা মহাসড়কে কতিপয় ছাত্র ১টি পত্রিকাবাহী গাড়ীসহ ৪টি গাড়ীতে হামলা চালাইয়া ব্যাপক ভাংচুর করে। পূর্বাহ্নে তাহারা খানপুর হাইস্কুল প্রাঙ্গণে জমায়েত হয় এবং টিএনও'র নিকট স্মারকলিপি পেশ করে। ফেরার পথে গাড়ীর উপর হামলা চলে।